**(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

সিএ-৩ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mocat.gov.bd

নম্বর: ৩০.০০.০০০০.০২৬.০৬.০০৪.২১-২৬

তারিখ : ১৯ শ্রাবণ ১৪৩৩ বঃ / ০৩ আগস্ট ২০২৬ খ্রিঃ

## প্রজ্ঞাপন

National Civil Aviation Security Committee (NCASC) এর সুপারিশ মোতাবেক গত ১০.০২.২০২৬ তারিখের ০৭ নং স্মারকমূলে পুনর্গঠিত "জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি NCASC কমিটি" নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

(ক) **কমিটির গঠন:**

| | |
|---|---|
| ১. মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহনও পর্যটন মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. মাননীয় প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহনও পর্যটন মন্ত্রণালয় | - সহ-সভাপতি |
| ৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| ৪. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য |
| ৫. সদস্য বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | - সদস্য |
| ৬. অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| ৭. ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: | - সদস্য |
| ৮. মহাপরিচালক (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ | - সদস্য |
| ৯. সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য |
| ১০. সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| ১১. রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| ১২. যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| ১৩. যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | - সদস্য |
| ১৪. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ | - সদস্য |
| ১৫. পরিচালক (বহিস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | - সদস্য |
| ১৬. পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | - সদস্য |
| ১৭. সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য সচিব |

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) বেসামরিক বিমান চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা হুমকি মোকাবিলায় কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন, সম্ভাব্য নিরাপত্তা হুমকির বিষয়ে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ/সুপারিশ প্রদান;

(২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগ, দপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণ;

(৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতি সংশোধন সম্পর্কিত সুপারিশমালা প্রণয়ন;

(৪) বিমানবন্দরের বিদ্যমান নিরাপত্তা সংক্রান্ত সুযোগসুবিধা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর নির্মাণকালে অবকাঠামোগত নিরাপত্তা সুবিধা প্রবর্তনের বিষয়াদি নিশ্চিতকরণ;

(৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ;

(৬) বিমান চলাচল নিরাপত্তার ন্যূনতম মান বজায় রাখার নিমিত্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন এবং সামগ্রিকভাবে বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধিকরণ এবং

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কেপিআই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় সাধন এবং সে মোতাবেক পরামর্শ প্রদান।

অ:পৃ:দ্র:



CS CamScanner

(গ) **এড-হক সদস্য:** কমিটির স্থায়ী সদস্য ব্যতিত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রদানের নিমিত্ত এ কমিটি কর্তৃক অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঘ) **প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপকমিটি:** কোনো নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহ পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই/পর্যালোচনার নিমিত্ত প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপকমিটি গঠন করা যাবে।

(ঙ) **সভা আহবান:** সভাপতি বছরে ন্যূনতম ০২ (দুই) বার সভা আহ্বান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
০৩.০৮.২০২৬ খ্রিঃ
এ. কে. এম মনিরুজ্জামান
যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১০০৩৫৫
ই-মেইল: ca3@mocat.gov.bd

নম্বর: ৩০.০০.০০০০.০২৬.০৬.০০৪.২১-২৬(২২)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ বঃ / ০৩ আগস্ট ২০২৬ খ্রিঃ

**অবগতি/সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট# এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭;
৫। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
৭। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা;
৮। মহাপরিচালক (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা;
৯। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
১০। সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
১১। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০;
১২। রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১৩। পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা;
১৪। পরিচালক (বহিস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা;
১৫। মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬। উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ **(পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ);**
১৭। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
২০। প্রোগ্রামার (আইসিটি সেল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
২১। অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা এবং
২২। যুগ্মসচিব (সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩/০৮/২০২৬
এ. কে. এম মনিরুজ্জামান
যুগ্মসচিব

CS CamScanner